

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০২.০০১.১৭.১

তারিখ: ১২ ভাদ্র, ১৪২৪
২৭ আগস্ট, ২০১৭

বিষয়: চলতি অর্থবছরের (২০১৭-২০১৮) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের
অনুকূলে বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম মঞ্জুরি প্রদান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুকূলে চলতি অর্থবছরে (২০১৭-২০১৮) গৃহ
নির্মাণ/গৃহ মেরামত, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল বাবদ ঋণ ও অগ্রিম খাতে বরাদ্দকৃত অর্থ
হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে
কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আগামী ৩০.১১.২০১৭
তারিখ অফিস সময়ের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়নপত্র(ফরোয়ার্ডিং লেটার)-এর মাধ্যমে
নামযুক্ত সীলসহ এ বিভাগের সেবা শাখায় সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী অগ্রিম ঋণের জন্য কোন আবেদন করতে পারবেন না;
- (খ) অগ্রিম ঋণ প্রাপ্তির জন্য সরকারি চাকরি কমপক্ষে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হতে হবে;
- (গ) সুদসহ গৃহ নির্মাণ অগ্রিম আদায় না হওয়া পর্যন্ত গৃহ মেরামত অগ্রিম প্রদান করা হবে না;
- (ঘ) যাঁদের মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা এর উর্ধ্বে তাঁরা মোটর গাড়ি অগ্রিম গ্রহণের
জন্য আবেদন করতে পারবেন;
- (ঙ) আবেদনকারী পূর্বে এ ধরনের কোন ঋণ গ্রহণ করেননি এবং অগ্রিম প্রদান করা হলে তা
যথাযথভাবে কর্তন করা হবে মর্মে অফিস প্রধান কর্তৃক নামযুক্ত সীলসহ প্রত্যয়ন দিতে হবে;
- (চ) গৃহ নির্মাণ, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম গ্রহণের ক্ষেত্রে ৩০০/-
(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প বায়নাপত্র প্রদান করতে হবে। আবেদনকারীর বয়স
প্রমণের লক্ষ্যে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তার এস.এস.সি সনদপত্রের এবং ৩য় ও ৪র্থ শ্রেণির
কর্মচারীদের সার্ভিস বইয়ের ৩য় ও ৪র্থ পাতাসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কর্মকর্তার
নামযুক্ত সীলসহ সত্যায়িত কপি প্রদান করতে হবে;
- (ছ) অগ্রায়নপত্রে এ বিভাগের জারীকৃত পত্রের স্মারক নং এবং তারিখ অবশ্যই উল্লেখ থাকতে
হবে।



২০১৭-০৮-২৭

মোঃ শামসুল আলম
সহকারী সচিব

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক
ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ
শিক্ষা বিভাগ

- ৩) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
- ৪) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)
- ৯) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট
- ১০) যুগ্ম-সচিব, উন্নয়ন-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১২) যুগ্ম-সচিব, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৩) সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
- ১৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৫) যুগ্ম-প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৬) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ১৭) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৮) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
- ১৯) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২১) জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)